ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৬৭৩
আগরতলা, ১০ জুলাই ২০২৫

**হজ যাত্রার জন্য ৩১ জুলাই, ২০২৫ এর মধ্যে অনলাইনে আবেদন করতে হবে**

প্রতি বছরের মতো এবছরও ত্রিপুরা রাজ্য হজ কমিটির উদ্যোগে হজ যাত্রার জন্য আবেদনপত্র আহ্বান করা হয়েছে। যারা হজ যাত্রায় যেতে ইচ্ছুক তাদের ৩১ জুলাই, ২০২৫ এর মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। আবেদনপত্র অনলাইনে https://hajcommittee.gov.in অথবা মোবাইল অ্যাপ 'HAJ SUVIDHA'-এর মাধ্যমে জমা দিতে হবে। আজ হজ ভবনে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান ত্রিপুরা রাজ্য হজ কমিটির চেয়ারম্যান শাহ আলম।

তিনি বলেন, হজ যাত্রীদের আন্তর্জাতিক পাসপোর্ট থাকতে হবে। যার বৈধতা কমপক্ষে ৩১ ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত হতে হবে। অনলাইনে আবেদনের সময় প্যান এবং আধার কার্ড দিতে হবে। আবেদনকারীর নমিনিরও প্যান নম্বর এবং আধার কার্ড নম্বর দিতে হবে। যাত্রীদের প্রথম কিস্তির জন্য দেড় লক্ষ টাকা জমা রাখার জন্য অনুরোধ জানানো হয়েছে। হজের জন্য আবেদনকারীরা অনলাইনের মাধ্যমে সংক্ষিপ্ত হজ প্যাকেজও বেছে নিতে পারেন। হজের আবেদনের জন্য ২টি মোবাইল নম্বর প্রয়োজন এবং তারমধ্যে একটি হোয়াটস অ্যাপ নম্বর হতে হবে। সাংবাদিক সম্মেলনে সংখ্যালঘু কল্যাণ দপ্তরের অন্যান্য পদস্থ আধিকারিকগণও উপস্থিত ছিলেন। বিস্তারিত তথ্য জানার জন্য মেলারমাঠস্থিত হজ ভবনে রাজ্য হজ কমিটির অফিসে যোগাযোগ করার আহ্বান জানানো হয়েছে।

*********